গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেনারেল ম্যানেজার (পশ্চিম) এর কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন,
রাজশাহী।

**বিষয় ঃ বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের 'শুদ্ধাচার কমিটির' অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জিএম/পশ্চিম
তারিখ ও সময় : ২২/১১/২০২১ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, রাজশাহী।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

২.০। সভাপতি মহোদয় সভার প্রারম্ভে স্বাগত উপস্থিত কর্মকর্তাদের উদ্যোগে বক্তব্য রাখেন। উপস্থিত সকল কর্মকর্তাদের উপস্থিত হাজিরা পরিশিষ্ট- ক আকারে দেওয়া হলো। অতিঃ জিএম (পশ্চিম) "শুদ্ধাচার কৌশল" এর বিষয়বস্তু উপস্থাপন করেন।

৩.০। অতিঃ জিএম/পশ্চিম সভায় শুদ্ধাচার কৌশল এর ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে দেওয়ার জন্য সবাইকে অবহিত করেন।

৪.০০ ২০২১-২২ অর্থ- বছরের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) কর্ম-পরিকল্পনার দফাওয়ারী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত হয় ঃ

| কার্যক্রম ক্রেমিক | বিষয়/ কার্যক্রম | আলোচনা | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.১ | শুদ্ধাচারের বাস্তবায়ন | শুদ্ধাচার কৌশলের প্রতিটি দফার লক্ষ্যমাত্রা যথাযথ অর্জন করার লক্ষ্যে সকল কাযক্রম সুষ্ঠভাবে যথা সময়ে সম্পাদন করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। এ বিষয়ে প্রতিটি বিভাগের বিভাগীয় প্রধান তার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের উদ্বুদ্ধ করবেন এবং শুদ্ধাচারের বিষয়গুলো পরিপূর্ণ রুপে অনুধাবনের উদ্যোগ গ্রহণ করবেন। প্রতি ৩য় মাসের ২৫ তারিখের মধ্যে পরিপালন প্রতিবেদন মহাব্যবস্থাপক দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল বিভাগীয় প্রধান |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(stakeholders) অংশগ্রহণে সভা। | রেলওয়ের আয় যাতে বৃদ্ধি করা যায় সেই লক্ষ্য মাথায় নিয়ে বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান এর সাথে যোগাযোগ করা এবং অংশীজনের সভা অনুষ্ঠানের মাধ্যমে Stakeholder দের সুবিধা/অসুবিধায় বিষয় অবহিত হতে হবে। তাছাড়া যাত্রী সেবার মান উন্নত করার লক্ষ্যেও অংশীজন সভার মাধ্যমে মতামত গ্রহণ করে তার প্রয়োগ করতে হবে। | সিসিএম/পশ্চিম সভার আয়োজন করবেন। |
| ১.৪ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন। | সকল বিভাগে ৬০ ঘন্টা প্রশিক্ষণ কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে মর্মে সবাই অবহিত করনে। এ বিষয়ে যথাযথ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় প্রধান |

৮

| | | | |
|---|---|---|---|
| ১.৫ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | এ ধরণের কোন প্রশিক্ষণ চালু করা হয় নাই। অভিযোগ, সেবা প্রদান, শুদ্ধাচার, এপিএ, তথ্য অধিকারের পর্যাপ্ত জ্ঞান অর্জন ও প্রয়োগের লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজনের জরুরী উদ্যোগ গ্রহণ করত হবে। | সিপিও(পশ্চিম) ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১.৬ | স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | প্রতি কোয়ার্টার বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সংযোজিত শুদ্ধাচার সেবাবক্স-এ শুদ্ধাচার সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/তথ্য সন্নিবেশ করতে হবে। | সিএসটিই/পশ্চিম, সকল বিভাগীয় প্রধান |
| ২.১ | ২০২১-২২অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | সকল বিভাগের প্রধানগণ তাদের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে সংযোজিত করার লক্ষ্যে সচেষ্ট হতে হবে। | সিএসটিই/পশ্চিম, সকল বিভাগীয় প্রধান |
| ৩.১ | রেলওয়ে সেবা সপ্তাহ আয়োজন। | রেলওয়ের সেবার মান বাড়াতে হবে। এ লক্ষ্যে সেবা সপ্তাহের আয়োজন করে জন সচেতনতা বৃদ্ধি করতে হবে। | সিসিএম/পশ্চিম |
| ৩.২ | ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম | ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম এবং বিনা টিকেটে রেলভ্রমণ রোধ কল্পে সকল কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে। রেলের আয় বাড়ানোর সর্বাত্নক চেষ্টা করতে হবে। | সিসিএম/পশ্চিম |
| ৩.৩ | অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান | উচ্ছেদ অভিযান পরিচালনা বিষয়ে সিইও/পশ্চিম উদ্যোগ গ্রহণ করবেন। এ সংক্রান্ত প্রতিবেদন মহাব্যবস্থাপক/পশ্চিম দপ্তরে প্রেরণ করতে হবে। | সিইও/পশ্চিম |
| ৩.৪ | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার পত্র বিলিকরন। | সিসিএম/পশ্চিম ও সিসি/আরএনবি কে যাত্রীগণের নিরাপত্তা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লক্ষ্য মাত্রা অনুযায়ী প্রচার পত্র বিলি করনের পরামর্শ দেওয়া হয়। | সিসিএম/পঃ সিসি/আরএনবি/পঃ |
| ৩.৫ | রেলভবন , রাজশাহী ডিজিটাল হাজিরা চালুকরন। | সকল বিভাগে ডিজিটাল হাজিরা ৩০-১১-২১খ্রিঃ এর মধ্যে চালু করতে হবে। | সকল বিভাগীয় প্রধান |

৫.০। পরিশেষে জাতীয় শুদ্ধাচার কৌশল-এ সন্নিবেশিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরো আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টা গ্রহন করার অনুরোধ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১১/২০২১

(অজয় কুমার পোদ্দার)
অতিঃ জেনারেল ম্যানেজার(পশ্চিম)
জেনারেল ম্যানেজার(পশ্চিম) এর পক্ষে
বাংলাদেশ রেলওয়ে,রাজশাহী।

নথি নং-জিএম/ডব্লিউ/এপিএ/২০২১-২২

তারিখঃ-২২/১১/২০২১খ্রিঃ।

অনুলিপিঃ ১। সকল বিভাগীয় প্রধান/ পশ্চিম।
২। সিপিএলও, রেলভবন , ঢাকা।

২২/১১.২০২১ খ্রিঃ তারিখে বিকাল ০৪.০০ ঘটিকায় জিএম (পশ্চিম) এর সম্মেলন কক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভাঃ –

| ক্রমিক নং | নাম· | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | অজয় কুমার পোদ্দার | Addl.GM/W | [signature] 22/11/2021 |
| ২ | মো: জহিরুল ইসলাম | COPS/W | [signature] 22/11/21 |
| ৩ | মোহাম্মদ আহছানউল্লা ভূঁইয়া | CCM(W) | [signature] 22/11/2021 |
| ৪ | মো: মিজানুর রহমান | CSTE(W) | [signature] 22/11/2021 |
| ৫ | ডা: সুজিৎ কুমার রায় | CMO(W) | [signature] 22/11/21 |
| ৬ | মো: আমিনুল হাসান | CPO/West | [signature] 22/11/21 |
| ৭ | মুহাম্মদ সাফিকুর রহমান | CEE(W) | [signature] 22/11/2021 |
| ৮ | মো: ওহিদুল ইসলাম | DS(W), SDP | [signature] 22/11/21 |
| ৯ | মুহাম্মদ রাকিবুল আমিন | COS/W | [signature] 22/11/2021 |
| ১০ | মোহাঃ মেহেদী হাসান | AGM/W | [signature] 22/11/2021 |
| ১১ | মো: কামরুজ্জামান | FA&CAO/West | [signature] ২২.১১.২১ |
| ১২ | মো: মঞ্জুর রহমান | ASRP Khulna | [signature] 22/11/21 |
| ১৩ | মো: আনিসুর রহমান | ASRP, Ishurdi | [signature] 22/11/21 |
| ১৪ | শাহ সুফী নূর মোহাম্মদ | DRM/LMH | [signature] 22/11/21 |
| ১৫ | মোহাঃ আশাবুল ইসলাম | KCRNB/W | [signature] 22/11/21 |
| ১৬ | মো: শহীদুল ইসলাম | DRM, PKC | [signature] |
| ১৭ | [illegible] | COO/W | [signature] 22/11/21 |
| ১৮ | মুহাম্মদ কুদরত-ই-খুদা | CME/W | [signature] 22/11/21 |
| ১৯ | মো: মনিরুল ইসলাম মিয়াজী | CE/W | [signature] 22/11 |